

পেমেন্ট সিস্টেম্স ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

পিএসডি সার্কুলার নং-৩

তারিখ : ২৩ চৈত্র ১৪২৬  
০৬ এপ্রিল ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
সকল তফসিলি ব্যাংক  
সকল মোবাইল ফিনান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার

প্রিয় মহোদয়,

সচল রঞ্জানিমুখী শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতাদি প্রদানের জন্য  
মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস (এমএফএস) হিসাব খোলা প্রসঙ্গে।

বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখঃ ০২ এপ্রিল, ২০২০ এর অগুর্বত্তিক্রমে জানানো যাচ্ছে যে, নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের প্রেক্ষাপটে সচল রঞ্জানিমুখী শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতাদি প্রদানের জন্য বাংলাদেশ সরকার যৌথিত আর্থিক প্রয়োগনা সরাসরি শ্রমিক-কর্মচারীদের ব্যাংক বা মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস (এমএফএস) হিসাবের মাধ্যমে প্রদানের নিমিত্তে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঁ:


১। সকল পক্ষের প্রত্যক্ষ অংশগ্রহণের মাধ্যমে সচল রঞ্জানিমুখী শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতাদি প্রদান নিশ্চিত করণার্থে উপর্যুক্ত বিআরপিডি সার্কুলারের উদ্দেশ্য পূরণকল্পে মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস (এমএফএস) হিসাব খোলার কার্যক্রম আগামী ২০ এপ্রিল, ২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

২। এতদুদ্দেশ্যে শ্রমিক-কর্মচারীদের এনআইডি/ জন্য নিবন্ধন সনদের ভিত্তিতে এমএফএস হিসাব খোলা যাবে।

৩। এক্সপ্রেস হিসাব খোলার ক্ষেত্রে কোন ধরণের চার্জ/ফি গ্রহণ করা যাবে না।

৪। এতদ্সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ উপর্যুক্ত লক্ষ্যে গ্রাহক হিসাব খোলার উদ্দেশ্যে গ্রাহকদের সচেতন ও উৎসাহিত করার জন্য প্রচারণাসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,  
  
(মোঃ মেজবাউল হক)  
মহাব্যবস্থাপক  
ফোন : ০২-৯৫৩০১৭৮